

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুলভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারকনম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/৬০৬

তারিখঃ

১৯ চৈত্র, ১৪২৪
০২ এপ্রিল, ২০১৮

বিষয়: ৩০% মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগকৃত প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের বয়সের শর্ত প্রতিপালন প্রসঙ্গে।


সূত্র: ক) এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২; তারিখ-১৯.০৬.২০১৭।

খ) এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫; তারিখ-১৭.০১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৩০% মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার বয়স ইতিপূর্বে ৩০.১১.১৯৭১ তারিখ কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর নির্ধারিত ছিল। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৭ জানুয়ারি ২০১৮ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-২৫ নং স্মারকে এ মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে প্রকাশিত পরিপত্রের অনুল্লেখ ০২ এর (ক) ও (খ) এ উল্লিখিত মুক্তিযোদ্ধার বয়স '৩০.১১.১৯৭১ তারিখ কিংবা তার পূর্বে কমপক্ষে ১২ বছর ০৬ মাস হতে হবে' মর্মে প্রতিস্থাপন পূর্বক সংশোধিত পরিপত্র জারি করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/অধিনস্ত দপ্তরে ৩০% মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগকৃতদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার বয়স ১৬ জানুয়ারি ২০১৮ পর্যন্ত ১৩ বছর এবং ১৭ জানুয়ারি ২০১৮ থেকে ১২ বছর ০৬ মাস প্রতিস্থাপন পূর্বক যথাযথভাবে প্রতিপালন করে এ মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোস্তাক আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৪৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/ মহা পুলিশ পরিদর্শক,..... বাংলাদেশ সচিবালয়/বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা,/- (মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার (সকল) — (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. মুখ্যসচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্র টি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মুখ্যসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক (সকল) — (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

